গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ফরেস্টার এর কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং- ২০/প্রশা

তারিখ ঃ ০৭ বৈশাখ ১৪৩২।
২০ এপ্রিল ২০২৫।

## নোটিশ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২২ এপ্রিল ২০২৫ খ্রি. তারিখ বেলা ১১.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষে পরিবেশ ও বন কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব রেহেনুমা তারান্নুম, প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি ঃ**

১। বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
২। পরিবেশ ও বন সম্পর্কিত সার্বিক বিষয় নিয়ে আলোচনা ।
৩। বিবিধ।

২০/০৪/২৫

(মোঃ সেকেন্দার আলী)
উপজেলা ফরেস্টার
ও সদস্য সচিব
পরিবেশ ও বন কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

..................................................................
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ
১। প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। নোটিশ বোর্ড।

পরিশিষ্ট- "ক"

পরিবেশ ও বন কমিটির হাজিরা স্বাক্ষরঃ

স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

সভার তারিখ: 22/08/25

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | রেহেনুমা তারান্নুম | প্রশাসক, উপজেলা পরিষদ ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সভাপতি | [signature] |
| ২ | মোঃ হাছেন আলী | চেয়ারম্যান নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | [signature] |
| ৩ | মোঃ হারুন অর রশীদ | চেয়ারম্যান ফুলবাড়ী সদর ইউনিয়ন পরিষদ ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | [signature] |
| ৪ | বিধু ভূষন রায় | উপজেলা সমবায় কর্মকর্তা ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | [signature] |
| ৫ | মোঃ সেকেন্দার আলী | উপজেলা ফরেস্টার ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য-সচিব | [signature] |

**উপজেলা পরিষদ**

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিষয় ঃ পরিবেশ ও বন কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ রেহেনুমা তারান্নুম
প্রশাসক, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

তারিখ ঃ ২২ এপ্রিল ২০২৫ খ্রি.

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

সময় ঃ বেলা ১১.৩০ ঘটিকা ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট- "ক" তে দেখানো হলো।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরনী পাঠ করে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হওয়ায় উপজেলা ফরেস্টার, ফুলবাড়ী ও সদস্য-সচিব, পরিবেশ ও বন কমিটিকে আহবান জানানো হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয়-১ ঃ বন বিভাগ সংক্রান্ত সার্বিক বিষয় নিয়ে আলোচনা | | |
|---|---|---|
| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| উপজেলা ফরেস্টার জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সামাজিক বনায়নে বিভিন্ন প্রজাতীর ৫০০০ চারার পরিচর্জার কাজ চলমান রয়েছে। ফুলবাড়ী কর্তৃক সৃজিত মেয়াদ উত্তীর্ণ বাগান বিধি মোতাবেক নিলামে বিক্রয় করে সরকারি রাজস্ব আদায় ও উপকারভোগীসহ সকল পক্ষগণের মধ্যে লভ্যাংশ বিতরণ করা হবে। ইউনিয়ন চেয়ারম্যানগণ সামাজিক বনায়নের বাগান বৃদ্ধি করার জন্য সভায় দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপজলা পরিষদ প্রশাসক জানান যে, গাছ কর্তনের সময় নির্ধারিত গাছের অতিরক্ত গাছ কর্তন করতে না পারে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা ফরেস্টার ফুলবাড়ী |

পরিশেষে, বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

22/04/25

(রেহেনুমা তারান্নুম)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও সভাপতি
পরিবেশ ও বন কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৭২/ উপ

তারিখ ঃ ১০ বৈশাখ ১৪৩২। / ২৩ এপ্রিল ২০২৫।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। নোটিশ বোর্ড।

23/04/25

(মোঃ সেকেন্দার আলী)
উপজেলা ফরেস্টার
ও সদস্য সচিব
পরিবেশ ও বন কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।